

প্রধান অময়

মঙ্গলবার, জ্যেষ্ঠ ১১, ১৪১৭ বাংলা, জমাদিউ সানি ১০, ১৪৩১ হিজরী

Tuesday, May 25-31, 2010 | Price: NY \$ 1.00, Outside \$ 1.25



ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশন এর প্রবাসে বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠিত

আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস ট্রাস্টের বর্ষবরণ ও অভিষেক অনুষ্ঠান গত ৮ই মে শনিবার উডসাইড ঢাকা ক্লাবে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রাক্তন প্রধান প্রকৌশলী প্রবীণ ইঞ্জিনিয়ার মুহাম্মদ বজলুর রহমান। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন পাষ্ট প্রেসিডেন্ট এনাম হক পি ই। অভিষেক অনুষ্ঠানে ২০০৯-২০১০ সালের নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ পরিচালনা করেন সংগঠনের প্রাক্তন সভাপতি এবং সংগঠনের বোর্ড অব ট্রাস্টি এর চেয়ারপার্সন প্রবীণ ইঞ্জিনিয়ার আলি আশরাফ মাসুদ মিঞা পি ই। শপথ অনুষ্ঠান শেষে সংগঠনের সাধারণ সম্পাদক সিদ্দিকুর রহমান পি ই সংগঠনের বিভিন্ন কার্যক্রমের উপর বক্তব্য রাখেন। সাধারণ সম্পাদক তার বক্তব্যে প্রবাসী প্রকৌশলীদের সেবা প্রদান ছাড়াও এই সংগঠন বাংলাদেশে বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ২০০৮-২০০৯ সালে চার হাজার দুই শত নয় (৪,২০৯) ডলার বৃত্তি প্রদান করেছে বলে তিনি উল্লেখ করেন। সভাপতি হুদরুল হুসেন পিই উপস্থিত সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বর্ষবরণ সন্ধ্যায় তাদের স্বাগত জানান। তিনি তার বক্তব্যে উল্লেখ করেন- নতুন

বছরের শুভাগমন বাঙ্গালী জীবনে নতুন আলোর সন্ধান এবং নতুন করে বাচার প্রেরণা দেয়। তিনি প্রবাসে বাঙ্গালী সংস্কৃতি ও ঐতিহ্যকে সংরক্ষণের মাঝ দিয়ে নিজেদের পরিচিতি সৃষ্টি করেই বিশ্বসভায় মাথা উঠু করে চলা সম্ভব। তিনি বলেন বিশ্বায়নের যুগে প্রবাসে থেকে আমরা সবাই যেন বলতে পারি সব ভুলে যাই তাও ভুলি না বাংলা মায়ের কোল- প্রবাসী প্রকৌশলী এবং স্থপতিগণ যেন বাংলা মায়ের অবদান ভুলে না যান। প্রবাসী প্রকৌশলী এবং স্থপতিগণদের সংঘবদ্ধভাবে আমেরিকান এসোসিয়েশন অব বাংলাদেশী ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস এর পতাকাতে বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে অবদান রাখা, বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগে সাহায্যের হাত প্রসারিত করা, বাংলাদেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে পাঠরত গরিব ও মেধাবী ছাত্রের সহায়তা, বাংলাদেশ থেকে সদ্যাগত প্রকৌশলী এবং আর্কিটেক্টদের দিক নির্দেশনা, তাদের কর্মসংস্থানে সার্বিক সহায়তা, তাদের পেশার মান উন্নয়ন, তাদের সেবামূলক কাজের জন্য অর্থ সংগ্রহের ব্যবস্থা এই কাজগুলো করার জন্য আহ্বান জানান। প্রধান অতিথি প্রাক্তন প্রধান প্রকৌশলী মুহাম্মদ বজলুর রহমান তার বক্তব্যে উল্লেখ করেন যে

নবাগত প্রকৌশলীদের নিজ নিজ পেশায় কর্মসংস্থানের সহায়তা করা ও তাদের পথ প্রদর্শক হিসাবে এই এসোসিয়েশনের ভূমিকা অপরিসীম। সীমিত সম্পদের সমস্যা থাকা স্বত্ত্বেও নবাগতদের পেশাগত ও সামাজিক প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে অসাধারণ ভূমিকা এই এসোসিয়েশনের সদস্যরা নীরবে পালন করে চলেছেন। ইঞ্জিনিয়ার্স এসোসিয়েশনের নতুন কমিটির কর্মকর্তারা হলেন- হুদরুল হুসাইন পিএ প্রেসিডেন্ট, মুহাম্মদ একরাম উল্লাহ পি ই প্রেসিডেন্ট-ইলেক্ট, মুহাম্মদ সিদ্দিকুর রহমান পি ই সেক্রেটারী, মোহাম্মদ আসাদ হক পি ই কোষাধ্যক্ষ, সামিউল হক সাংস্কৃতিক সম্পাদক, মোহাম্মদ আবদুল হাই প্রচার সম্পাদক; নির্বাহী সদস্যরা হলেন মোহাম্মদ রেজাউল হক পি ই এবং কাজী মোস্তাক আহমেদ। মিসেস রত্না, আল আমিন এবং অন্যান্য স্থানীয় স্নানামধ্য শিল্পীদের সমন্বয়ে পরিবেশিত হয় মনোমুগ্ধকর সংগীতানুষ্ঠান। সাংস্কৃতিক অনুষ্ঠান এর বিশেষ আকর্ষণ ছিল শ্যামা কোরেশীর বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ নৃত্য। অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন শাহনেওয়াজ রহিম, প্রকৌশলী মাহনাজ হাসান এবং প্রকৌশলী সোহেলি নাসরিন মিয়া।

-সংবাদ বিজ্ঞপ্তি